দামুড়হুদা সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশী আহত

দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্তের বিপরীতে ভারতীয় অংশে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে আজমুল হোসেন (৩০) নামে এক বাংলাদেশী আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৪ জুলাই) ভোর ৪ টার দিকে উপজেলার ঠাকুরপুর সীমান্তের বিপরীতে ভারতীয় অংশে এ ঘটনা ঘটে। আহত অবস্থায় বিএসএফ তাকে উদ্ধার করে ভারতের শক্তিনগর জেলা হাসপাতালে ভর্তি করেছে। বর্তমানে আজমুল হোসেন ওই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহত আজমুল হোসেন দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর গ্রামের আব্বাস আলীর ছেলে।

গ্রামবাসী জানায়, আজমুল হোসেনসহ ৬-৭ জন বাংলাদেশী বৃহস্পতিবার ভোর ৪ টার দিকে দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশের চেস্টা করছিলো। এ সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (৮২-বিএসএফের) মালুয়াপাড়া ক্যাম্পের সদস্যরা তাদেরকে লক্ষ্য করে গুলি ছোড়ে। বিএসএফের ছোড়া গুলি আজমুল হোসেনের পায়ে লেগে তিনি গুরুতর আহত হন এবং তার অন্য সহযোগীরা পালিয়ে যান। পরে বিএসএফের সদস্যরা আহত অবস্থায় আজমুল হোসেনকে উদ্ধার করে শক্তিনগর জেলা হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে আজমুল হোসেন ওই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বিজিবির চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিননায়ক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান সীমান্তে বিএসএফের গুলিতে আজমুল হোসেন নামে এক যুবকের আহত হওয়ার ঘটনা নিশ্চিত করেছেন।

মেহেরপুরে কলেজ শিক্ষক নিহতের

ঘটনায় ইজিবাইক চালক আটক

সিসিটিভি ফুটেজ দেখে সনাক্ত করেই মেহেরপুর শহরের সড়ক দুর্ঘটনায় নিহত কলেজ শিক্ষক নিহতের ঘটনায় ঘাতক ইজিবাইক চালক মোহাম্মদ আলী
(১৯) কে আটক করেছে পুলিশ। জব্দ করা হয়েছে ব্যাটারী চালিত ইজিবাইকটিও।

আটক মোহাম্মদ আলী মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামের ফকির আলীর ছেলে। ভোরে আসামী মোহাম্মদ আলীকে তার গ্রামের বাড়ি গোভিপুর থেকে আটক করা হয়।

এর আগে গতকাল বুধবার (৩ জুলাই) রাতে নিহত কলেজ শিক্ষক ওহিদুল ইসলামের ছেলে মোঃ শাহরিয়ার কবির আকিব বাদি হয়ে সদর থানায় অজ্ঞাতনামা আসামি করে একটি অভিযোগ দায়ের করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, শহরের বিভিন্ন সিসিটিভি ফুটেজ পরিক্ষা করে ঘাতক ইজিবাইকের চালককে সনাক্ত করা হয়। ‘দূর্ঘটনার পর থেকেই সদর থানা পুলিশের একাধিক দল বিষয়টি নিয়ে কাজ করছিলো।

উল্লেখ্য, গত মঙ্গলবার (২ জুলাই) রাত শহরের বড় বাজার টিএনটি রোডে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় কলেজ শিক্ষক ওহিদুল ইসলামের নিহত হন। তিনি মুজিবনগর ডিগ্রি কলেজের রসায়ন বিভাগের শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

মেহেরপুরে ডিমের আড়তে ভোক্তার হানা, তিনটি দোকানে জরিমানা

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা শহরের চারটি দোকানে অভিযান চালিয়ে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ বুধবার (৩ জুলাই) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ এই অভিযান পরিচালিত হয়।

জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, মেহেরপুর জেলা শহরের বড়বাজার এলাকার মেসার্স শাহিন পোল্ট্রি ফিড নামক একটি ডিম বিক্রি প্রতিষ্ঠানকে ডিম বিক্রির পাকা ভাউচার না দেওয়া ও ডিমের মুল্যতালিকা ঝুলিয়ে না রাখার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৪৫ ধারায় ৩ হাজার টাকা, মেসার্স শুভ পোল্ট্রি ফিড নামক ডিমের আড়তে পাকা ভাউচার প্রদান না করা ও মেয়াদ উত্তীর্ণ পোল্ট্রি ঔষধ সংরক্ষণ করে বিক্রি করার অপরাধে একই আইনের ৪৫ ও ৫১ ধারায় ৪ হাজার টাকা ও মেসার্স মিকাইল ট্রেডার্সকে মেয়াদ উত্তীর্ণ গো-খাদ্য বিক্রি ও অস্বাস্থ্যকরভাবে গো-খাদ্যের সাথে ভেজাল গুড় বিক্রির অপরাধে ৪৩ ও ৫১ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে সহযোগিতা করেন, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

অভিযানে বিশেষ করে ডিমের আড়ত, ফিড, মাছ, সবজি ও মুদি দোকানসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

সরকারি আইন মেনে ব্যবসা পরিচালনা, পণ্যের মুল্যতালিকা প্রদর্শন ও ক্রয় বিক্রির ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়।

দামুড়হুদায় হেরোইনসহ দুজন মাদক কারবারি গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে চিহ্নিত দু’জন মাদক কারবারি কে হেরোইন সহ গ্রেফতার করেছে। ওই সময় গ্রেফতারকৃত মাদক কারবারিদের কাছ থেকে ১০ (দশ) গ্রাম হেরোইন

জব্দ করেছে পুলিশ। গতকাল সোমবার রাতে তাদেরকে থানা এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলা পুলিশের (এসপি) পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিক-নির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে এসআই, মোঃ রিয়াজুল ইসলাম, এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স নিয়ে থানার হাউলী এলাকায় মাদক বিরোধী অভিযান চালায়। এসময় হাউলী গ্রামের তিন রাস্তার মোড় থেকে মাদক কারবারি দশমী গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে মোঃ শরিফুল আলম
(৪১) ও মৃত আবুল কালামের ছেলে মোঃ জহুরুল ইসলাম (৩৫) কে গ্রেফতার করে পুলিশ। ওই সময় তাদের হেফাজতে থাকা ১০গ্রাম হেরোইন জব্দ করা হয়।

দামুড়হুদা মডেল থানার (ওসি) মোঃ আলমগীর কবির বলেন, গ্রেফতারকৃত দুজনেই চিহ্নিত মাদক কারবারি। তাদের নামে একাধিক মামলাও রয়েছে। হিরোইন সহ গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেনসিডিলসহ আল আমিনকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আল আমিন দর্শনা পৌরসভার আজমপুর গোরস্থান পাড়ার আব্দুস ছাত্তারের ছেলে। জানাযায় আজ মঙ্গলবার ২ জুলাই ভোর পৌনে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আজমপুর গোরস্থান পাকা রাস্তার উপর। এ সময় দর্শনা থানার এসআই সেকেন্দার আবু জাফর গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে আল আমিনকে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ বিষয়ে গ্রেফতারকৃত আল আমিনের বিরুদ্ধে দর্শনা থানায় একটি

নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় বিট পুলিশিং ও উঠান বৈঠক সভা অনুষ্টিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এ স্লোগানকে সামনে রেখে আজ মঙ্গলবার (২ জুলাই) বিকাল ৫ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তার মোড়ে এ সভা অনুষ্টিত হয়।

বিট পুলিশিং ও পথসভায় মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, নারী নির্যাতন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ, বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষে জনসচেতনতা মূলক উঠান বৈঠক করে দর্শনা থানা পুলিশ।

এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা কঠোর হুশিয়ারি দিয়ে বলেন অন্যায়কারী যে কেউ হোক কাউকেই ছাড় দেওয়া হবে না এবং কোন প্রকার সুপারিশ চলবে না । আপনারা তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করুন এবং নিরাপদ থাকুন ।

এ সময় আরও উপস্থিত ছিলেন দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, এস আই সেকেন্দার আবু জাফর, এস আই ফাহিম হোসেন, এস আই সোহেল রানা, এস আই শামীম হোসেন, এ এস আই আবু বক্কর সিদ্দিক, এ এস আই মারুফুল ইসলাম, এ এস আই শেখ আবু হানিফ, এ এস আই ইব্রাহীম হোসেন,এ এস আই শাহিন।

এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা রিক্সা ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়াদ্দার, সাধারন সম্পাদক এনামৃল হক,সহ সভাপতি তনু মন্ডল জয়েন্ট সেক্রেটারি বিল্লাল হোসেন,সাংগঠনিক সম্পাদক,জাফর হোসেন,কোষাধ্যক্ষ আবুল হোসেন,মেম্বার শুকুর আলী গণ্যমান্যব্যক্তিবর্গ, ব্যবসায়ী ও সাংবাদিকবৃন্দ।

দর্শনা থানা পুলিশের পথসভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশ কুড়ালগাছি ও মদনায় জনসচেতনতা মৃলক পথসভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকালে দর্শনা থানার কুড়ুলগাছি বাজার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা ও সাড়াবাড়িয়া বাজারে জনসচেতনতা মুলক পথ সভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এসময় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা কঠোর হুশিয়ারী দিয়ে বলেন, মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, সন্ত্রাস-জঙ্গীবাদ, চোর, ডাকাত, মাদক ও ছিনতাইকারীদের কোন ছাড় নেই। কোন প্রকার সুপারিশ চলবে না। বাল্য বিবাহ,সন্ত্রাস দমন ও মাদক প্রতিরোধে প্রশাসনকে সর্বাত্তোক সহযোগিতা করার আহব্বান জানান তিনি।তিনি আরও বলেন যারা মাদক ব্যাবসা করে সুন্দর সুন্দর বাড়ি বানিয়েছে তাদের খোজ খবর নিয়ে ওপর মহলে পাঠিয়ে তাদের ঘর বাড়ি নিলাম করে দেওয়া হবে।মাদকের সাথে কোন রকম আপোষ চলবে না।মাদক ব্যাবসায়ীরা যত শক্তিশালী হোক না কেন যে কোন দলের হোক কোন প্রকার ছাড় দেওয়া হবে না।আমি যতদিন দর্শনা থানায় আছি মাদকের সাথে কোন রকম আপোষ করবো না।

এ পথ সভায় আরও উপস্থিত ছিলেন দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, এস আই সেকেন্দার আবু জাফর, এস আই ফাহিম হোসেন,এস আই সোহেল রানা, এস আই শামীম হোসেন, এ এস আই আবু বক্কর সিদ্দিক, এ এস আই মারুফুল ইসলাম,এ এস আই শেখ আবু হানিফ,এ এস আই ইব্রাহীম হোসেন,

এছাড়াও বিভিন্ন বাজরের স্থানীয় ইউপি সদস্য, গণ্যমান্যব্যক্তিবর্গ, ব্যবসায়ীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে তিন কেজি গাঁজা ও সিএনজিসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের সদর উপজেলার কালীগাংনী থেকে তিন কেজি গাঁজা ও একটি সিএনজিসহ রুহুল আমিন নামের এক মাদক কারবারিকে আটক করেছে গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আজ সোমবার সকাল ৯টার দিকে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এসআই মো: সাহেব আলী, এএসআই মো: হুমায়ন কবির সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক রুহুল কুষ্টিয়ার মিরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কুরিপোল পাড়ার মোহাম্মেল শেখের ছেলে। তিনি সিএনজিতে করে বৃহত্তর কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় মাদক সরবরাহ করে থাকেন বলে জানতে পেরেছে পুলিশ।

ডিবির ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানাধীন কালিগংনী গ্রামের হাবিবুর রহমানের বাড়ির সামনে কাথুলি টু নোয়াপাড়া গামী পাকা রাস্তার উপর থেকে ৩ কেজি গাঁজা ও গাঁজা বহনকারী সিএনজিসহ রুহুল শেখকে আটক করা হয়।

তিনি জানান, রহুল দীর্ঘদিন ধরে তার ব্যাবহৃত ইন্জিন চালিত সিএনজি দিয়ে বিভিন্ন এলাকা থেকে গাঁজা ক্রয় করে কুষ্টিয়া জেলার বিভিন্ন জায়গায় বিক্রি করে বলে জানতে পেরেছি। এ ঘটনায় মামলা রুজুর প্রক্রিয়া চলমান।

মেহেরপুরের যতারপুর থেকে ১০০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক কারবারি আটক

মেহেরপুর-মহাজনপুর সড়কের যতারপুর সিরাজ মাস্টারের কলাবাগানের পশ্চিমপাশে থেকে ১০০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক কারবারিকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

বৃহস্পতিবার রাত পোনে ৯টার দিকে ডিবির এসআই আশরাফুল ইসলামের নেতৃত্বে ডিবির একটি টিম এ অভিযান পরিচালনা করেন। আটক কারবারিরা হলেন- মহাজনপুর গ্রামের আনারুল ইসলামের ছেলে হালিম আলী (২৮), মুত ফয়জুল শেখের ছেলে দৌলত শেখ (৪৫) ও আনন্দবাস গ্রামের মৃত শওকত আলীর ছেলে আলী ইয়াসিন(৫০)।

ডিবির ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহানজনপুর সড়কের যতারপুর থেকে ফেন্সিডিলের চালান পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে ডিবির এসআই আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে যতারপুরের সিরাজ মাস্টারের কলাবাগানের কাছে অভিযান পরিচালনা করেন। সেখান থেকে মাদক কারবারি দৌলত শেখ ও হালিম আলীকে ১০০ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়। পরে তাদের স্বীকারোক্তি মোতাবেক আনন্দবাস সীমান্ত এলাকা থেকে ওই গ্রামের আলী ইয়াসিন আটক করা হয়।

ওসি আরও জানান, এ ঘটনায় মুজিবনগর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আসামিদের সোপর্দ করা হয়েছে।

কুষ্টিয়ায় ট্রেন থেকে এক কেজি হিরোইন জব্দ

কুষ্টিয়ার মিরপুরে এবার ট্রেনে অভিযান চালিয়ে মালিকবিহীন এক কেজি হিরোইন জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (৪৭বিজিবি) সদস্যরা। তবে এ ঘটনায় কাউকে আটক করা যায় নি।

বৃহস্পতিবার সংবাদ বিজ্ঞপ্তিতে কুষ্টিয়া (৪৭ বিজিবি) ব্যাটালিয়ন অধিনায়ক লেফটন্যান্ট কর্নেল মাহবুব মোর্শেদ রহমান পিএসসি এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, চাঁপাইনবাবগঞ্জ হতে খুলনাগামী মহানন্দা এক্সপ্রেস ট্রেনে কুষ্টিয়া ব্যাটালিয়নের (৪৭ বিজিবি) অধিনায়কের সার্বিক নির্দশনায় ব্যাটালিয়ন সদরের বিশেষ টহল দল মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালায়। এ সময় মালিকবিহীন ভারতীয় এক কেজি গ্রাম হেরোইন জব্দ করা হয়। এ ব্যাপারে পোড়াদহ রেলওয়ে (জিআরপি) থানায় সাধারণ ডায়েরি করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

এর আগে ৩০ মে কুষ্টিয়ায় ট্রেনের মধ্যে থেকে ২ কেজি ৫শ গ্রাম কোকেন জব্দ করে বিজিবি সদস্যরা। রাজশাহী থেকে খুলনাগামী কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সদরের বিশেষ টহল দল মাদক ও চোরাচালান বিরাধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় এ কোকেন জব্দ করে।